



“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন
(পেট্রোবাংলা)
অনুসন্ধান বিভাগ

...

সভাপতি	ফারহানা শাওন মহাব্যবস্থাপক (অনুসন্ধান)
সভার তারিখ	০৬-০১-২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সভাকক্ষ, পেট্রোবাংলা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে সংস্থার অফিস আদেশ নং- পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে সংস্থার অফিস আদেশ নং- ২৮.০২.০০০০.০১১.৩৭.০৬৩.২২.১৬; তারিখ: ১৭-০১-২০২৩ এর মাধ্যমে পুনর্গঠিত কমিটির একটি সভা গত ০৬-০১-২০২৩ তারিখে সংস্থার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি ও কমিটির আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত “মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭” এবং “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” এ বর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয়।

২। সভাপতি সভাকে অবহিত করে যে, “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) তিন মাস অন্তর হালনাগাদ করতে হয়। এতদলক্ষ্যে সংস্থার বেশকিছু বিভাগ/ডিপার্টমেন্ট-কে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্যাদি কমিটি বরাবর প্রেরণের জন্য ইতোপূর্বে অনুরোধ করা হয়েছিলো। তন্মধ্যে পেট্রোবাংলার পেনশন শাখা এ সংক্রান্ত তথ্যাদি কমিটির নিকট প্রেরণ করেছে। কিন্তু তাদের প্রদানকৃত তথ্যসমূহ সঠিকভাবে উপস্থাপিত হয়নি বিধায় উল্লিখিত শাখার কর্মকর্তাদের নিয়ে একটি সভা আয়োজন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সভাকে আরো অবহিত করা হয় যে, পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক দিনব্যাপী ০২টি প্রশিক্ষণ ২০২২-২০২৩ অর্থ বছরের মধ্যে আয়োজনের জন্য গত ০৫-০৯-২০২২ তারিখে সংস্থার এইচআর ডিপার্টমেন্ট-কে অনুরোধ জানানো হয়। এর পরিপ্রেক্ষিতে এইচআর ডিপার্টমেন্ট কর্তৃক গত ২৪-১০-২০২২ তারিখে উল্লিখিত বিষয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা হলেও ২য় প্রশিক্ষণটি এখনো পর্যন্ত আয়োজন করা হয়নি। এমতাবস্থায়, সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের


দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক দিনব্যাপী ২য় প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে এইচআর ডিপার্টমেন্ট-কে তাগাদাপত্র প্রেরণের বিষয়টি সভায় গুরুত্বের সাথে আলোচনা করা হয়।

৪। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) “পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩” অনুযায়ী সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) তিন মাস অন্তর হালনাগাদকরণের লক্ষ্যে পেট্রোবাংলার পেনশন শাখার কর্মকর্তাদের নিয়ে একটি সভা আয়োজন করতে হবে।

খ) পেট্রোবাংলা’র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অনুযায়ী সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক দিনব্যাপী দ্বিতীয় প্রশিক্ষণটি ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিকের মধ্যে আয়োজনের জন্য সংস্থার এইচআর ডিপার্টমেন্ট বরাবর তাগাদাপত্র প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)


স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.৫৪

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯

১৯ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
- ২) ব্যবস্থাপক (ডেস্ক), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
- ৩) ব্যবস্থাপক, এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
- ৪) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)



ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)